# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৭১

১/ বিবিধ

আরবী

من جمع القرآن متعه الله بعقله حتى يموت

موضوع

رواه أبو سعيد بن الأعرابي في " معجمه " (111 / 2) : أخبرنا إبراهيم بن الهيثم يعني البلدي أخبرنا أبو صالح عبد الله بن صالح، أخبرنا رشدين بن سعد عن جرير بن حازم عن حميد عن أنس مرفوعا، ورواه ابن عساكر (2 / 111 / 2) من طريق آخر عن أبي صالح به

وهذا سند ضعيف جدا، رشدين بن سعد قال الحافظ في " التقريب ": ضعيف، رجح أبو حاتم عليه ابن لهيعة، وقال ابن يونس: كان صالحا في دينه فأدركته غفلة الصالحين فخلط في الحديث

قلت: فالظاهر أن هذا من تخاليطه، ويحتمل أن يكون من وضع خالد بن نجيح جار لعبد الله بن صالح كان يضع الحديث في كتب عبد الله وهو لا يشعر! انظر " الميزان " (2 / 46 ـ 48) ، وقول أبي حاتم المتقدم تحت الحديث (194)

বাংলা

২৭১। যে ব্যাক্তি কুরআন জমা করবে, মৃত্যু পর্যন্ত আল্লাহ তাঁকে তার জ্ঞান দ্বারা উপকৃত করবেন।

হাদীসটি জাল।

এটি আবূ সাঈদ ইবনুল আরাবী তার “আল-মু’জাম” গ্রন্থে (২/১১১) ইবরাহীম ইবনু হায়সামের মাধ্যমে আবূ

সালেহ্ হতে ... বর্ণনা করেছেন। ইবনু আসাকির (২/১১১/২) অন্য একটি সূত্রে আবূ সালেহ্ হতে বর্ণনা করেছেন। এটির সনদ নিতান্তই দুর্বল। বর্ণনাকারী রিশদীন ইবনু সাঈদ সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল। আবূ হাতিম ইবনু লাহীয়াকে তার উপর অগ্রাধিকার দিয়েছেন। ইবনু ইউনুস বলেনঃ তিনি দ্বীনের ক্ষেত্রে নেককার ছিলেন। আমি তাকে সালেহীনদের মধ্যে গাফেল হিসাবে পেয়েছি। ফলে তার হাদীসে সংমিশ্রণ ঘটেছে।

আমি (আলবানী) বলছিঃ বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি তার সংমিশ্রণ ঘটিত হাদীসগুলোর একটি। হতে পারে হাদীসটি আব্দুল্লাহ ইবনু সালেহ (আবু সালেহ)-এর প্রতিবেশী খালেদ ইবনু নাজীহ কর্তৃক জালকৃত। কারণ তিনি হাদীস জাল করতেন এবং আব্দুল্লাহর গ্রন্থ সমূহে ঢুকিয়ে দিতেন। অথচ আব্দুল্লাহ তা বুঝতে পারতেন না। দেখুন “আল-মীযান” গ্রন্থ (২/৪৬-৪৮) এবং এ মর্মে আবূ হাতিমের ভাষ্য ১৯৪ নং হাদিসে দেখুন, সেখানেও তার সম্পর্কে ব্যাখ্যা দেয়া হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5531

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন